



রাজশাহী বিশ্ববিদ্যালয়

বিজ্ঞাপিত পদের জন্য অনলাইনে আবেদন পদ্ধতি

নিম্নে উল্লেখিত পদগুলির জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	আবেদন ফি (সার্ভিস চার্জ সহ)
সহকারী অধ্যাপক/প্রভাষক, প্রাণিবিদ্যা বিভাগ	১০৫০.০০ টাকা
প্রভাষক, প্রাণিবিদ্যা বিভাগ	১০৫০.০০ টাকা

আবেদন প্রক্রিয়া

- ১। আগ্রহী প্রার্থীগণ আগামী ২৬-০৮-২০১৯ তারিখ বিকেল ৫:০০ টার মধ্যে অনলাইনে আবেদন সম্পন্ন করতে পারবেন। একই প্রার্থী একাধিক পদের জন্য আবেদন করতে চাইলে প্রতিটি পদের জন্য পৃথক পৃথক আবেদন করতে হবে।
- ২। অনলাইনে প্রদত্ত ফরমে সকল তথ্য অবশ্যই বাংলায় (ইউনিকোডে) যথাযথভাবে প্রদান করতে হবে। অসম্পন্ন বা ত্রুটিপূর্ণ আবেদন কোন কারন দর্শানো ছাড়াই বাতিল বলে গণ্য করা হবে। আবেদন সম্পন্ন করার পর কোনভাবেই কোন তথ্য পরিবর্তন বা সংযোজন করা যাবে না।
- ৩। প্রার্থীর স্বাক্ষর(300×80 Pixel) এবং পাসপোর্ট সাইজের রঙ্গিন (300×400 Pixel) ছবি সঠিকভাবে আপলোড করতে হবে। প্রার্থীর সাথে সকল প্রকার যোগাযোগ তাঁর মোবাইলের মাধ্যমে সম্পন্ন করা হবে বিধায় মোবাইল নম্বর সঠিকভাবে প্রদান করা অবশ্যই প্রয়োজন।
- ৪। আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ করার পর “Submit Application” বাটনে ক্লিক করলে পূরণকৃত আবেদন ফরমটি (PDF Format) পাওয়া যাবে। উক্ত ফরমে আবেদনকারীর ছবিসহ Application ID, Bill Number এবং সর্বমোট ফি এর পরিমাণ মুদ্রিত থাকবে। প্রদত্ত Bill Number ব্যবহার করে ডাচ-বাংলা মোবাইল ব্যাংক (রকেট)-এর মাধ্যমে উল্লেখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট ফি প্রদান করতে হবে। নির্ধারিত ফি প্রদান না করলে আবেদন গ্রহণযোগ্য হবে না।

ডাচ-বাংলা মোবাইল ব্যাংক (রকেট) - এর মাধ্যমে ফি প্রদান পদ্ধতিঃ

- Step-1: ডায়াল *322# ।
- Step-2: "1. Bill Pay" অপশন সিলেক্ট করতে হবে।
- Step-3: "2. Other" অপশন সিলেক্ট করতে হবে।
- Step-4: "Enter Payer Mobile No." এর স্থলে প্রার্থীর মোবাইল নম্বর দিতে হবে।
- Step-5: "0. Other" অপশন সিলেক্ট করতে হবে।
- Step-6: Enter Biller ID. এর স্থলে 285 টাইপ করতে হবে।
- Step-7: Enter Bill Number এর স্থলে অবশ্যই স্লিপে প্রদত্ত Bill Number টি প্রদান করতে হবে।
- Step-8: Enter Amount এর স্থলে স্লিপে প্রদত্ত সর্বমোট ফি এর পরিমাণ দিতে হবে।
- Step-9: Enter PIN এর স্থলে Customer এর ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং-Account এর PIN নম্বর দিতে হবে।
- Step-10: Payment Confirmation SMS আসবে। SMS থেকে Transaction ID (TxnID) সংরক্ষণ করতে হবে।

- ৫। প্রতিটি পদের সংশ্লিষ্ট পরীক্ষা/পরীক্ষাসমূহে অংশগ্রহণের জন্য নির্ধারিত প্রবেশপত্র পরবর্তীতে অনলাইনে প্রদান করা হবে। প্রবেশপত্র ডাউনলোডের সময়সূচীসহ অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য প্রার্থীর প্রদত্ত মোবাইলে SMS - এর মাধ্যমে যথাসময়ে জানানো হবে। প্রার্থীকে লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৬। অসত্য/ভুয়া তথ্যসম্বলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারন দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তাঁর আবেদন/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুয়া তথ্য সরবরাহ করার জন্য তাঁর বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৭। প্রার্থীকে নিম্নে উল্লেখিত কাগজপত্র সংযুক্ত করে ০৯ (নয়) সেট দরখাস্ত (প্রযোজ্য ক্ষেত্রে সত্যায়িত ফটোকপি) আগামী ২৬-০৮-২০১৯ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসে ডাকযোগে বা সরাসরি জমা দিতে হবে। সকল কাগজপত্রের মূল কপি সাক্ষাতকারের সময় সংগে রাখতে হবে।
- ক) অনলাইনে পূরণকৃত ফরমের কপি (রজিন)
- খ) শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও নম্বরপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)
- গ) সকল গবেষণামূলক প্রবন্ধের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)
- ঘ) অভিজ্ঞতার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)
- ঙ) জাতীয় পরিচয় পত্র
- চ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্র
- ছ) অতিরিক্ত তথ্য সম্বলিত কাগজপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)

আবেদন ফরম পূরণ সংক্রান্ত কারিগরি সহায়তার জন্যঃ +৮৮-০১৭০৩-৮৯৯৯৭৪, +৮৮-০১৭৩০-৮৫৯৮৭৮
(বিশ্ববিদ্যালয়ের অফিস চলাকালীন)

(প্রফেসর মো. খাদেমুল ইসলাম মোল্যা)
পরিচালক
আইসিটি সেন্টার, রাজশাহী বিশ্ববিদ্যালয়